



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (N.I), EHN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

Website: www.dcc.edu.bd, Facebook: DhakaCommerceCollege, Webmail: dcc1989@dcc.edu.bd

স্মারক নং : ঢাকক-

তারিখ: ২৪/১২/২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১ম পর্ব পরীক্ষা ২০২৪ এ অংশ গ্রহণ করে যারা ১-৬ বিষয়ে অকৃতকার্য হয়েছে, কিংবা অসুস্থতা/অন্যান্য কারণে এক বা ততোধিক বিষয়ে পরীক্ষা দিতে পারেনি তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ১১/০১/২০২৫ থেকে অনুষ্ঠিত হবে। ১ম ও ২য় পত্র মিলে পূর্ণমান ৬০ এবং সময় ২ (দুই) ঘন্টা। প্রতি বিষয়ের MCQ ও CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। এ ধরনের সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। শিক্ষার্থীদের ০৫/০১/২০২৫ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রতি বিষয়ের জন্য ৩০০/- (তিনশত টাকা) ফি জমা দিতে হবে এবং উক্ত রশিদ প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করতে হবে। অন্যথায় সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। সাপ্লিমেন্টারি পরীক্ষার ফি কলেজের আনুসঙ্গিক প্রদেয় ফি থেকে আলাদাভাবে রিসিপ্টের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং তা আংশিক গ্রহণ করা হবে না।

বি.দ্র. সাপ্লিমেন্টারি পরীক্ষায় পাস সাপেক্ষে পরবর্তী শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে :

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অননুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, সকল ধরনের মোবাইল ফোন, প্রোজেক্টর, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি বহন- ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ, যদি এগুলো পাওয়া যায় তা বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- পরীক্ষা ওপর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরাম্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না;
- টাকা জমা দেওয়ার রশিদ হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে হিসাব শাখা থেকে রশিদ সংগ্রহ করতে হবে।

## পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
১১/০১/২০২৫ (শনিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:০০টা-১২:০০টা
১১/০১/২০২৫ (শনিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	২:০০টা-৪:০০টা
১৩/০১/২০২৫ (সোমবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:০০টা-১২:০০টা
১৩/০১/২০২৫ (সোমবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	২:০০টা-৪:০০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
১৫/০১/২০২৫ (বুধবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:০০টা-১২:০০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
১৫/০১/২০২৫ (বুধবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	২:০০টা-৪:০০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
১৮/০১/২০২৫ (শনিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:০০টা-১২:০০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
১৮/০১/২০২৫ (শনিবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	২:০০টা-৪:০০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	

তালিম দাস ২৪/১২/২০২৪  
 উপ-পরীক্ষা নিয়ন্ত্রক  
 আহ্মায়ক (পরীক্ষা কমিটি) ২৪/১২/২০২৪  
 উপাধ্যক্ষ, অ্যাকাডেমিক (চলতি দায়িত্ব)  
 উপাধ্যক্ষ, প্রশাসন (চলতি দায়িত্ব)  
 অধ্যক্ষ ২৪/১২/২০২৪

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ মহোদয়ের দপ্তর		৪	একাদশ শ্রেণির সকল শ্রেণি কক্ষ	
২	উপাধ্যক্ষ, প্রশাসন (চলতি দায়িত্ব) মহোদয়ের অফিস		৫	প্রয়োজনীয় সকল বিভাগ- শিক্ষার্থী উপদেষ্টাগণ- শাখা	
৩	উপাধ্যক্ষ, অ্যাকাডেমিক (চলতি দায়িত্ব) মহোদয়ের অফিস				